[বাংলাদেশ গেজেট, অতিরিক্ত, মার্চ ৩০, ১৯৯৮ তারিখে প্রকাশিত।]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

প্রজ্ঞাপন

তারিখ, ২৯শে মার্চ ১৯৯৮/১৫ই চৈত্র ১৪০৪

নং যুক্রীম/যুব-২/কমিটি-১/৯৭/১০১—যুব ও ক্রীড়া মন্ত্রণালয়াধীন "যুব উন্নয়ন অধিদপ্তরের" যুব কার্যক্রম গতিশীলকরণ ও সম্প্রসারণকল্পে নিম্নবর্ণিত কর্মকর্তা ও যুব সংগঠনের প্রতিনিধি সমন্বয়ে জেলা যুব উন্নয়ন কমিটি ও থানা যুব উন্নয়ন কমিটি গঠন করা হলোঃ

জেলা যুব উন্নয়ন কমিটি

সভাপতি

(১) জেলা প্রশাসক

সদস্যবৃন্দ

(২) মেয়রের প্রতিনিধি /চেয়ারম্যান পৌরসভা অথবা তাঁর প্রতিনিধি

(৩) উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর

(৪) জেলা পশু সম্পদ কর্মকর্তা

(৫) জেলা মৎস্য কর্মকর্তা

(৬) উপ-পরিচালক, সমাজসেবা অধিদপ্তর

(৭) উপ-পরিচালক, পরিবার কল্যাণ অধিদপ্তর

(৮) জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা

(৯) জেলা ক্রীড়া কর্মকর্তা, ক্রীড়া পরিদপ্তর

(১০) জেলা শিশু সংগঠক (১ জন)

(১১) জেলা যুব সংগঠনের প্রতিনিধি ১ (এক) জন

সদস্য-সচিব

(১২) উপ-পরিচালক/সহকারী পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর।

কমিটির কর্মপরিধি

(ক) জেলাধীন বিভিন্ন যুব প্রশিক্ষণ কেন্দ্রসমূহের যুবদের প্রশিক্ষণের অগ্রগতি পর্যালোচনা;

(খ) বিভিন্ন পেশায় যুবদের প্রশিক্ষণের জন্য ভ্রাম্যমাণ প্রশিক্ষণ কর্মকান্ড পর্যালোচনা;

(গ) প্রশিক্ষিত যুবদের ঋণ প্রদানের অগ্রগতি পর্যালোচনা;

CamScanner

(ঘ) প্রশিক্ষিত যুবদের আত্মকর্মসংস্থানের লক্ষ্যে গৃহীত পদক্ষেপসমূহ পর্যালোচনা;

(ঙ) জেলাধীন যুব সংগঠনসমূহের কর্মকান্ড পর্যালোচনা;

(চ) প্রশিক্ষিত যুবদের খাস পুকুর/জলাশয় লীজ প্রদান সংক্রান্ত সরকারী সিদ্ধান্ত বাস্তবায়নের পর্যালোচনা;

(ছ) স্থানীয় ব্যাংকসমূহ থেকে আত্মকর্মসংস্থানমূলক প্রকল্প গ্রহণকারী প্রশিক্ষিত যুবদের ব্যাংক ঋণ প্রাপ্তিতে সহায়তাদানমূলক পদক্ষেপসমূহ পর্যালোচনা;

(জ) জেলা পর্যায়ে সকল সরকারী উন্নয়ন কর্মকান্ডে যুবদের সম্পৃক্তকরণে নিশ্চিতকরণ বিষয়সমূহ সুপারিশ প্রদান;

(ঝ) জেলা পর্যায়ে গৃহীত/গৃহীতব্য বিভিন্ন স্বেচ্ছাসেবামূলক কর্মকান্ডে যুবদের অধিক হারে সম্পৃক্তকরণ এবং যুব শক্তিকে জেলায় যে কোন দুর্যোগ মোকাবেলা ও আপদকালীন সময়ে শক্তি হিসাবে ব্যবহারকরণ;

(ঞ) যুব উন্নয়ন বিষয়ক অন্য যে কোন বিষয় আলোচনা ও সুপারিশ প্রদান।

## থানা যুব উন্নয়ন কমিটি

**সভাপতি**

(১) থানা নির্বাহী কর্মকর্তা

**সদস্যবৃন্দ**

(২) থানা কৃষি কর্মকর্তা, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর

(৩) থানা পশু সম্পদ কর্মকর্তা

(৪) থানা মৎস্য কর্মকর্তা

(৫) থানা সমাজসেবা কর্মকর্তা

(৬) থানা পরিবার পরিকল্পনা কর্মকর্তা

(৭) থানা মহিলা বিষয়ক কর্মকর্তা

(৮) থানা যুব সংগঠনের প্রতিনিধি ১ (এক) জন

**সদস্য-সচিব**

(৯) থানা যুব উন্নয়ন কর্মকর্তা

**কমিটির কর্মপরিধি**

(ক) থানাধীন বিভিন্ন যুব প্রশিক্ষণ কেন্দ্রসমূহের যুবদের প্রশিক্ষণের অগ্রগতি পর্যালোচনা;

(খ) বিভিন্ন পেশায় যুবদের প্রশিক্ষণের জন্য ভ্রাম্যমাণ প্রশিক্ষণ কর্মকান্ড পর্যালোচনা;

(গ) প্রশিক্ষিত যুবদের ঋণ প্রদানের অগ্রগতি পর্যালোচনা;

(ঘ) প্রশিক্ষিত যুবদের আত্মকর্মসংস্থানের লক্ষ্যে গৃহীত পদক্ষেপসমূহ পর্যালোচনা;

CamScanner

(ঙ) থানার অধীনস্থ যুব সংগঠনসমূহের কর্মকান্ড পর্যালোচনা;

(চ) প্রশিক্ষিত যুবদের খাস পুকুর/জলাশয় লীজ প্রদান সংক্রান্ত সরকারী সিদ্ধান্ত বাস্তবায়নের পর্যালোচনা;

(ছ) স্থানীয় ব্যাংকসমূহ থেকে আত্মকর্মসংস্থানমূলক প্রকল্প গ্রহণকারী প্রশিক্ষিত যুবদের ব্যাংক ঋণ প্রাপ্তিতে সহায়তাদানমূলক পদক্ষেপসমূহ পর্যালোচনা;

(জ) থানা পর্যায়ে সকল সরকারী উন্নয়ন কর্মকান্ডে যুবদের সম্পৃক্তকরণে নিশ্চিতকরণ বিষয়সমূহে সুপারিশ প্রদান;

(ঝ) থানা পর্যায়ে গৃহীত/গৃহীতব্য বিভিন্ন স্বেচ্ছাসেবামূলক কর্মকান্ডে যুবদের অধিক-হারে সম্পৃক্তকরণ এবং যুব শক্তিকে থানার যে কোন দুর্যোগ মোকাবেলা ও আপদ-কালীন সময়ে শক্তি হিসাবে ব্যবহারকরণ;

(ঞ) যুব উন্নয়ন বিষয়ক অন্য যে কোন বিষয় আলোচনা ও সুপারিশ প্রদান।

২। উপরোক্ত কমিটিদ্বয় কমপক্ষে ৩ (তিন) মাসে একবার সভায় মিলিত হয়ে জেলা ও থানার সার্বিক যুব কর্মকান্ড পর্যালোচনা করবে এবং যুব ও ক্রীড়া মন্ত্রণালয় ও যুব উন্নয়ন অধিদপ্তরকে তা অবহিত রাখবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
এম, আতাউর রহমান
উপ-সচিব।

বাঃসঃমুঃ-৫৯০১ডি-৮০০০ বই ১৯৯৮ ইং।

CamScanner